

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং- ৪৬.০০.৯৩০০.০১৭.৯৯.০০২.১৮- ২০৬

তারিখ : ১৬ মাঘ, ১৪২৪
২৯ জানুয়ারি ২০১৮

বিষয় : টাঙ্গাইল জেলাধীন কালিহাতি উপজেলার ১১নং বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদের নামে ক্রয়কৃত ভূমি বিক্রয়পূর্বক ইউনিয়নের মধ্যস্থলে ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য জমি ক্রয়ের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, টাঙ্গাইল কার্যালয়ের পত্র নং-২৪(২), তারিখঃ ০৯/০১/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে প্রেরিত তথ্যাদির সাথে ইউনিয়ন পরিষদের মালিকানাধীন উল্লিখিত দুটি মৌজায় অবস্থিত ০.৪৯ একর জমির সম্ভাব্য মূল্যে এবং ক্রয়ের জন্য প্রস্তাবিত ০.২৫ একর জমির সম্ভাব্য মূল্যে (সংশ্লিষ্ট সাবরেজিস্ট্রারের বিগত ০৩ বছরের গড় মূল্যে মোতাবেক) কত তা জেলা প্রশাসকের পত্রে উল্লেখ করা হয়নি। ক্রয় এবং বিক্রয়ের জন্য প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচম্যাপ ট্রেসিং পেপারে রঞ্জিন কালিদ্বারা) আলাদা আলাদাভাবে প্রেরণ করা হয়নি। প্রস্তাবিত জমি ক্রয় ও বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা, কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রেরণ করেননি।

০২। বর্ণিতাবস্থায়, টাঙ্গাইল জেলাধীন কালিহাতি উপজেলার ১১নং বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদের নামে ক্রয়কৃত ভূমি বিক্রয়পূর্বক ইউনিয়নের মধ্যস্থলে ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য জমি ক্রয়ের অনুমতি প্রদানের প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) কালিহাতি উপজেলার বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদের নামে ক্রয়কৃত কস্তুরীপাড়া মৌজার ৬২০/১ খতিয়ানের ৮৮৬,৮৮৭ ও ৮৮৮ নং দাগের ২৪ শতক ও শিমুলটি মৌজার ৩০১ নং খতিয়ানের ১৭৮/২৪৭ নং দাগের ২৫ শতক একুনে ৪৯ শতক জমির সম্ভাব্য মূল্যে এবং ইউনিয়নের মধ্যস্থলে ক্রয়ের জন্য প্রস্তাবিত ০.২৫ একর জমির সম্ভাব্য মূল্য (সংশ্লিষ্ট সাবরেজিস্ট্রারের বিগত ০৩ বছরের গড় মূল্য মোতাবেক) প্রেরণ;
- (খ) ক্রয় এবং বিক্রয়ের জন্য প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচম্যাপ (ট্রেসিং পেপারে রঞ্জিন কালিদ্বারা) আলাদা আলাদাভাবে প্রেরণ; এবং
- (গ) প্রস্তাবিত জমি ক্রয় ও বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা, কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক

টাঙ্গাইল।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।